দৈনিক ইনকিলাব

তারিখ 02 DEC 1997
পৃষ্ঠা ১২ কলাম ৫

113

# আইডিয়াল স্কুল-কলেজের প্রিন্সিপ্যালকে গৃহবন্দী করে প্রভাষিকাকে তার চেয়ারে বসানো হয়েছে

ইনকিলাব রিপোর্ট ঃ দেশের ঐতিহ্যবাহী আইডিয়াল স্কুল ও কলেজের প্রিন্সিপ্যাল ফয়জুর রহমানকে সন্ত্রাসী ও পুলিশ প্রহরায় গৃহবন্দী করে. রেখে তার অফিসের তালা ভেঙ্গে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ অমান্য করে রওশন জাহান নামক একজন প্রভাষিকাকে গতকাল প্রিন্সিপ্যালের চেয়ারে বসিয়ে দেয়া হয়েছে। এদিকে সন্ত্রাসীদের তাণ্ডবে উৎকণ্ঠিত বয়জ্যেষ্ঠ জনাব ফয়জুর রহমান হৃদরোগে আক্রান্ত হলে তাকে গুরুতর অবস্থায় রাতে সোহরাওয়ার্দী হাসপাতালে ভর্তি করা হয়েছে।

গতকাল দুপুর থেকেই বিপুলসংখ্যক পুলিশের ছত্রছায়ায় বহু সন্ত্রাসী স্কুল ও কলেজের সামনে অবস্থান নেয়। প্রত্যক্ষদর্শীরা জানান, বেলা সাড়ে ৩টায় পুলিশ সন্ত্রাসীদের সামনে জনৈক ব্যক্তি তালা ভাঙ্গার যন্ত্র দিয়ে প্রিন্সিপ্যাল ফয়জুর রহমানের কক্ষের তালা ভাঙ্গে। এরপর সন্ত্রাসী ও সাময়িক বরখাস্তকৃত ৭ জন শিক্ষক কক্ষের অভ্যন্তরে প্রবেশ করে গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি তছনছ করে। এ পর্যায়ে জনৈক ব্যক্তি মোবাইলে বলেন, 'সার কোন অসুবিধা নেই।' এর কিছুক্ষণ পরই বেলা সাড়ে ৪টার দিকে জনাব সাবের হোসেন চৌধুরী স্কুলে এসে মন্ত্রণালয়ের নির্দেশ ভঙ্গ করে তার পছন্দমাফিক প্রভাষিকা রওশন জাহানকে ভারপ্রাপ্ত প্রিন্সিপ্যালের পদ দিয়ে ফয়জুর রহমানের চেয়ারে বসান।

উল্লেখ্য, গতকাল সারাদিন পুলিশের উপস্থিতিতে সন্ত্রাসীরা জনাব ফয়জুর রহমানকে গৃহবন্দী করে রাখে। তাকে পূর্বনির্ধারিত সাংবাদিক সম্মেলন করতেও দেয়া হয়নি, প্রকাশ থাকে যে বিগত ১ বছর পূর্ব থেকে পদাধিকার বলে প্রতিষ্ঠানের গভর্নিং বডির সভাপতি জনাব সাবের হোসেন চৌধুরীর সাথে মরহুম শেখ মুজিবের ছবি টানানো নিয়ে জনাব ফয়জুর রহমানের সম্পর্কের অবনতি ঘটে। এরপর থেকেই জনাব ফয়জুর রহমানকে অধ্যক্ষের পদ থেকে অপসারণ করতে বিভিন্ন প্রক্রিয়া শুরু হয়। গতকালের অবস্থা উক্ত প্রক্রিয়ারই প্রতিফলন।

## মির্জা আব্বাসের উদ্বেগ

বিএনপি'র যুগ্ম সম্পাদক সাবেক মেয়র মির্জা আব্বাস গতকাল এক বিবৃতিতে মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজে সৃষ্ট পরিস্থিতি সম্পর্কে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি এ ঘটনার জন্য এলাকার এমপি আওয়ামী লীগ নেতা সাবের হোসেন চৌধুরীকে দায়ী করেন। তিনি অবিলম্বে স্কুলের শিক্ষার্থীদের অভিভাবকদের সাথে আলোচনা করে উদ্ভূত পরিস্থিতি নিরসনের দাবী জানান। অন্যথায় এ বিষয়ে যে কোন অনভিপ্রেত ঘটনার জন্য সরকারকে দায়ী থাকতে হবে বলে তিনি উল্লেখ করেন।